# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 17 May, 2025

শেরপুরের ঝিনাইগাতীতে আমদানি নিষিদ্ধ ভারতীয় বিভিন্ন ব্র্যান্ডের ৩০০ বোতল মদ উদ্ধার করেছে পুলিশ।শনিবার (১৭ মে) ভোরে উপজেলার রাংটিয়া এলাকার এক বৃদ্ধার বাড়ির পাশে পরিত্যক্ত অবস্থায় এসব মদ উদ্ধার করা হয়।

ঝিনাইগাতী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আল আমিন জানান, শুক্রবার দিবাগত রাতে মাদক চোরাকারবারিরা পাচারের উদ্দেশ্যে রাংটিয়া এলাকার এক বৃদ্ধার বাড়ির পাশে ১২টি বস্তায় করে ৩০০ বোতল ভারতীয় মদ মাটি ও আবর্জনা দিয়ে ঢেকে রাখে।

শনিবার সকালে ওই বৃদ্ধার প্রতিবেশীরা বিষয়টি টের পেয়ে থানায় খবর দেন। খবর পেয়ে এসআই হাসেমের নেতৃত্বে পুলিশের একটি দল ঘটনাস্থলে গিয়ে পরিত্যক্ত অবস্থায় থাকা ১২টি বস্তায় ভরা ভারতীয় মদ উদ্ধার করে থানায় নিয়ে আসে।

বিষয়টি নিশ্চিত করে ওসি মো. আল আমিন বলেন, “উদ্ধারকৃত মদের ব্যাপারে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে।

ভারতীয় মদ পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 13:25

URL: https://timestodaybd.com/mymensingh/7775532597